



পল্লী সঞ্চয় ব্যাংক

প্রধান কার্যালয়

রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-৯)

৩৭/৩/এ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০

www.pallisanchaybank.gov.bd

শেখ হাসিনাই রূপকার
পল্লী সঞ্চয় ব্যাংক উপহার

নং পসব্য/প্রকা/প্রশা-১(৩)/২০২২-২৩/ ১৫১৫

তারিখ: ০৪/০৯/২০২২খ্রি.

আইন উপদেষ্টা নিয়োগ এবং প্যানেল আইনজীবী তালিকাভুক্তির বিজ্ঞপ্তি

পল্লী সঞ্চয় ব্যাংকের জন্য আইন উপদেষ্টা নিয়োগ এবং অভিজ্ঞ আইনজীবীর প্যানেল প্রস্তুতের লক্ষ্যে আগ্রহী সনদপ্রাপ্ত আইনজীবীদের (বাংলাদেশের নাগরিক) নিকট হতে নিম্নবর্ণিত শর্তাবলীতে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

পদ	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১। আইন উপদেষ্টা	ক) প্রার্থীকে আইনে ডিগ্রীসহ অবশ্যই বাংলাদেশ সুপ্রীম কোর্ট বার এসোসিয়েশনের সদস্য হতে হবে; খ) বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপীল বিভাগের তালিকাভুক্ত আইনজীবী হতে হবে; অথবা হাইকোর্টে ওকালতির ক্ষেত্রে ন্যূনতম ১০ (দশ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। তবে আইনে উচ্চতর ডিগ্রীধারীর (এলএল.বি (অনার্স), এলএল.এম, বার-এট-ল বা পিএইচ.ডি ইত্যাদি) ক্ষেত্রে আইন পেশায় ন্যূনতম ৭ (সাত) বছরের অভিজ্ঞতা থাকতে হবে; এবং গ) প্রার্থীর শিক্ষা জীবনে সকল পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণি বা সমমানের সিজিপিএ থাকতে হবে, কোনো ক্রমেই ৩য় বিভাগ/শ্রেণি কিংবা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হবে না।
২। প্যানেল আইনজীবী	ক) প্রার্থীকে আইনে ডিগ্রীসহ অবশ্যই বাংলাদেশ সুপ্রীম কোর্ট বার এসোসিয়েশনের সদস্য হতে হবে; খ) বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপীল বিভাগের তালিকাভুক্ত আইনজীবী হতে হবে; অথবা হাইকোর্টে ওকালতির ক্ষেত্রে ন্যূনতম ০৭ (সাত) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। তবে আইনে উচ্চতর ডিগ্রীধারীর (এলএল.বি (অনার্স), এলএল.এম, বার-এট-ল বা পিএইচ.ডি ইত্যাদি) ক্ষেত্রে আইন পেশায় ন্যূনতম ৬ (ছয়) বছরের অভিজ্ঞতা থাকতে হবে; গ) ঢাকা মহানগরের ক্ষেত্রে দেওয়ানী/ফৌজদারী আদালতে, হাইকোর্ট ডিভিশনে ন্যূনতম ০৭ (সাত) বছর স্বাধীনভাবে ওকালতি করার বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে; ঘ) ঢাকা মহানগরের বাইরে দেওয়ানী/ফৌজদারী/প্রশাসনিক ট্রাইব্যুনালে ন্যূনতম ০৫ (পাঁচ) বছর স্বাধীনভাবে ওকালতি করার বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে; এবং ঙ) প্রার্থীর শিক্ষা জীবনে সকল পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণি কিংবা সমমানের সিজিপিএ থাকতে হবে, কোনো ক্রমেই ৩য় বিভাগ/শ্রেণি সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হবে না।

শর্তাবলীঃ

- আইন উপদেষ্টার মাসিক সম্মানী আলোচনা সাপেক্ষে নির্ধারণ করা হবে। নির্বাচিত প্রার্থীকে তার চেম্বারে অবস্থান করে এবং বিশেষ প্রয়োজনে ব্যাংকে এসে বিভিন্ন বিষয়ে আইনগত মতামত প্রদান করতে হবে।
- সরকারি/বেসরকারি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানে তালিকাভুক্ত আইনজীবীর অভিজ্ঞতা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।
- প্রার্থীর কম্পিউটার ও ইন্টারনেট সুবিধাসহ চেম্বার থাকতে হবে।
- প্রার্থীকে সার্ভিস ল, লেবার ল, কোম্পানী ল, সিভিল ও ক্রিমিনাল ল সম্পর্কে অভিজ্ঞ হতে হবে।
- আইন উপদেষ্টা এবং প্যানেল আইনজীবীগণের নিয়োগ /তালিকাভুক্তির মেয়াদ হবে ২ (দুই) বছর। পারফরমেন্স সন্তোষজনক হলে পুনরায় নিয়োগের জন্য বিবেচনা করা হবে।
- অন্যান্য শর্তাবলী ব্যাংকের ওয়েবসাইটে পাওয়া যাবে।

আগ্রহী প্রার্থীকে www.pallisanchaybank.gov.bd ওয়েবসাইটের অনলাইন সেবা বক্সে প্যানেল আইনজীবী নিয়োগ বিজ্ঞপ্তিতে ক্লিক করে প্রাপ্ত আবেদন ছক যথাযথভাবে পূরণ করে ২৫/০৯/২০২২ তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে submit করতে হবে। ছকে উল্লিখিত তথ্যাদির অতিরিক্ত তথ্যাদি দাখিলের প্রয়োজন হলে কম্পোজ করে PDF Format এ submit করার পর প্রার্থী একটি ID নম্বর পাবেন, এর পর Ctr+P চেপে আবেদনের একটি প্রিন্ট কপি সংরক্ষণ করবেন। অনলাইনে ছাড়াও প্রার্থী ব্যাংকের ওয়েবসাইটে উল্লিখিত ফরমেটে সরাসরি ব্যবস্থাপনা পরিচালক বরাবর উপরোক্ত তারিখের মধ্যে আবেদন পত্র দাখিল করতে পারবেন। নির্বাচিত প্রার্থীকে পরবর্তীতে যাবতীয় শিক্ষাগত ও অন্যান্য পেশাগত সনদের হার্ড কপি এবং ২ (দুই) কপি ছবি দাখিল করতে হবে।

খন্দকার আতাউর রহমান
ব্যবস্থাপনা পরিচালক